

নং-৪৬.০০.৪৭০০.০৪২.১৪.১০৭.১৭. ২৬৬৪

তারিখঃ ১৪ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
২৬ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ খুলনা জেলা পরিষদের স্মারক নং-খুজেপ/প্রকৌঃ/এক-জি/২০১৭-১৮/১৩৫২, তারিখঃ ১৬/১১/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে খুলনা জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ৬,০১,৮৫,০০০/- (ছয় কোটি এক লক্ষ পঁচাত্তর হাজার) টাকায় গৃহীত ২৯৪টি প্রকল্পের মধ্যে নিজস্ব স্থাপনার প্রকল্প তালিকার ক্রমিক নং-১, সমাজকল্যাণ খাতের প্রকল্প তালিকার ক্রমিক নং-১,২,৩ এবং সাধারণ খাতের ১২,৩০,৩১,১৩৫, ও ১৭৭ এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৫,৩৬,৮০,০০০/- পাঁচ কোটি ছত্রিশ লক্ষ আশি হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ২৮৫টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো।

শর্তসমূহঃ

- ৫.০০ লক্ষ থেকে ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী এলজিইডি, খুলনা কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্পসমূহের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর জনসাধারণের অবগতির জন্য প্রকল্পস্থানে জেলা পরিষদ খুলনা এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকার গৃহীত সাধারণ খাতের প্রকল্প তালিকার ক্রমিক নং-১২, ৩০, ৩১, এ বর্ণিত প্রকল্পসমূহ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উন্নয়ন সংক্রান্ত। ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকায় গৃহীত ক্রমিক নং-১৩৫, ১৭৭ এ বর্ণিত প্রকল্প ২টি পি-ক্যাডেট স্কুলের উন্নয়ন সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(আনজুমান আরা)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, খুলনা।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।